

গবেষণা-প্রবন্ধ আহ্বান

উত্তরবাংলা কলেজ থেকে প্রকাশিতব্য গবেষণা পত্রিকা "উত্তরবাংলা উন্নয়ন সমীক্ষা"-র জন্য এই কলেজের শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীদের কাছ থেকে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখের মধ্যে গবেষণামূলক মৌলিক প্রবন্ধ আহ্বান করা হচ্ছে।

প্রবন্ধ জমা দেওয়ার নিয়মাবলি:

০১. প্রবন্ধের ভাষা বাংলা অথবা ইংরেজি হবে। প্রবন্ধ ১৫০০ থেকে ৩,০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
০২. প্রবন্ধের মূল পাঠের প্রারম্ভে ১৫০ থেকে ২০০ শব্দের (বাংলা/ইংরেজি) সারসংক্ষেপ (abstract) যুক্ত করতে হবে।
০৩. কম্পিউটার কম্পোজকৃত দুই কপি প্রিন্টেড পাণ্ডুলিপি, একটি সফট কপি সম্পাদক বরাবর প্রেরণ করতে হবে। E-mail: royatenglish@gmail.com-এ পাঠাতে হবে।
০৪. কম্পোজকৃত প্রবন্ধ MS Word File (.doc) আকারে পাঠাতে হবে। বিজয় ক্লাসিক অথবা বিজয় বায়ান্ন সফটওয়্যারে বাংলা ফন্টের ক্ষেত্রে SutonnyMJ এবং ফন্ট সাইজ হবে ১৪, লাইন স্পেস হবে ১.৫। ইংরেজি ফন্টের ক্ষেত্রে Times New Roman এবং ফন্ট সাইজ হবে ১২, লাইন স্পেস হবে ১.৫।
০৫. বানানের ক্ষেত্রে বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে প্রবন্ধ রচিত হওয়া বাঞ্ছনীয়। ইংরেজির ক্ষেত্রে ব্রিটিশ ফরমেট অনুসরণ করা শ্রেয়।
০৬. উদ্ধৃতির মূল বানানের পরিবর্তন করা যাবে না। তথ্যনির্দেশ ও টীকার জন্য (এপিএ/ শিকাগো পদ্ধতি অনুযায়ী) শব্দের উপর অধিলিপিতে (সুপার স্ক্রিপ্ট) সংখ্যা ব্যবহার করতে হবে। (যেমন: ...১)
০৭. মূল পাঠের মধ্যে উদ্ধৃতি ৩০ শব্দের বেশি বা ৩ লাইনের অধিক হলে তা পৃথক অনুচ্ছেদে উপস্থাপন করতে হবে এবং সেক্ষেত্রে ফন্ট সাইজ বাংলায় ১২ এবং ইংরেজিতে ১০ হবে। কবিতার উদ্ধৃতিতে মূল পঙ্ক্তি-বিন্যাস ঠিক রাখতে হবে।
০৮. প্রবন্ধ প্রকাশের জন্য সম্পাদক বরাবর একটি আবেদন পাঠাতে হবে। আবেদনে অবশ্যই যোগাযোগের জন্য মোবাইল নাম্বার, বর্তমান ঠিকানা ও ই-মেইল ঠিকানা দিতে হবে।
০৯. মূল প্রবন্ধের শিরোনাম, প্রারম্ভ ও ভেতরের পৃষ্ঠায় লেখকের নাম ও পদবি উল্লেখ থাকবে না। একটি স্বতন্ত্র পৃষ্ঠায় প্রবন্ধের শিরোনাম, লেখকের নাম ও পরিচয় লিপিবদ্ধ থাকবে।
১০. রিভিউয়ার কর্তৃক সংশোধন/সংযোজন/পরিমার্জন/বিরোধের পরামর্শ থাকলে সম্পাদনা পর্ষদের প্রদত্ত সময়ের মধ্যে অবশ্যই প্রেরণ করতে হবে। অন্যথায় প্রবন্ধ প্রকাশ সংক্রান্ত সম্পাদনা পর্ষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১১. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেয়া হবে না।
১২. উত্তরবাংলা উন্নয়ন সমীক্ষায় প্রকাশিত প্রবন্ধ-বিষয়ক সকল দায়-দায়িত্ব প্রবন্ধকার বহন করবেন।

ধন্যবাদান্তে

সম্পাদক

উত্তরবাংলা উন্নয়ন সমীক্ষা

উত্তরবাংলা কলেজ

কাকিনা, লালমনিরহা।